

## সম্মানিত সদস্যগণের জন্য


প্রিয় মহোদয়,

আসসালামু আলাইকুম।

আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, গত ১৯ ডিসেম্বর ২০২৩ তারিখ বিজিএমইএ'র নির্বাচন ২০২৪-২০২৬ এর জন্য নির্বাচন বোর্ড তফসিল ঘোষণা করেছে। তফসিলের নোটিশ বিজিএমইএ'র ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রদর্শন, কুরিয়ার সার্ভিস ও ই-মেইল মাধ্যমে সকল সম্মানিত সদস্যগণের নিকট প্রেরণ এবং জাতীয় দৈনিক সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। তফসিল অনুযায়ী বকেয়া চাঁদা পরিশোধ এবং প্রয়োজনীয় কাগজপত্র জমা দেওয়ার সর্বশেষ তারিখ ০৯ জানুয়ারি ২০২৪ এবং ভোটার নমিনেশন দাখিলের সর্বশেষ তারিখ ১৩ জানুয়ারি ২০২৪। তফসিলে ঘোষিত নির্ধারিত সময়ের মধ্যে ২০২৩ সাল পর্যন্ত বকেয়া চাঁদা পরিশোধ এবং প্রয়োজনীয় কাগজপত্র জমা প্রদান করতে হবে।

এমতাবস্থায়, সম্মানিত সকল সদস্যগণকে তফসিলের নির্ধারিত সময়ের মধ্যে চাঁদা পরিশোধসহ প্রয়োজনীয় কাগজপত্র জমাদান পূর্বক ভোটার হওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদান্তে,

  
মোঃ ফয়জুর রহমান  
মহাসচিব